

যুগান্তর

সাইদীর নেতৃত্বে মাদ্রাসা শিক্ষকদের নতুন সংগঠন

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসা শিক্ষকদের নিয়ে আরেকটি সংগঠনের জন্ম দেয়া হয়েছে। জামায়াতে ইসলামী সংসদীয় দলের উপনেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাইদী এমপির নেতৃত্বে গতকাল পশ্চিম ময়দানে অনুষ্ঠিত এক সম্মেলনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ নামে একটি সংগঠনের আনুষ্ঠানিক কর্মসূচি গঠন করা হয়েছে। ওয়াশিংটন সূত্র মতে, মাদ্রাসা শিক্ষকদের নতুন সংগঠন জমিয়াতুল মোদারেরীনের নামে না হলেও যেহেতু মোদারেরীনের সদস্যদের নিয়েই নতুন সংগঠনের আয়োজন করা হয়েছে। সেহেতু বলা যায় যে, জমিয়াতুল মোদারেরীনের কার্যত দুই ভাগে বিভক্ত হয়ে গেল। মাওলানা আবদুল আবেদীন ও মাওলানা আবদুল দাউদ জুজা মোদারেরীনের থেকে সেরকম কোন প্রভাবশালী ব্যক্তিত্ব সাইদীর সঙ্গে নতুন সংগঠনে যোগ দেননি। মাওলানা সাইদী মোদারেরীনের সদস্য বা কোন পদে ছিলেন না। জামায়াতে ইসলামী বাংলাদেশ থেকে নির্বাচিত করেকজন এমপিসহ জামায়াতের নেতৃত্ব এই শিক্ষক পরিষদের নেতৃত্বে রয়েছে। জামায়াতে ইসলামী সংসদীয় দলের উপনেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাইদীকে আহ্বায়ক ও মাওলানা আবদুল আবেদীনের সদস্য সচিব করে অনুষ্ঠিত সম্মেলনে পরিষদের ৩২ সদস্যবিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। এই সম্মেলন থেকে সংগঠনের গঠনতন্ত্র তৈরির জন্য ৭ সদস্যবিশিষ্ট একটি সাবেক-কমিটি গঠন করে দেয়া হয়েছে। এই কমিটি আগামী এক মাসের মধ্যে গঠনতন্ত্রের খসড়া প্রণয়ন করে মূল আহ্বায়ক কমিটির কাছে পেশ করবে। এছাড়া আগামী আগস্টের মধ্যে জেলা ও সেন্টারের মধ্যে উপজেলা কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে। সম্মেলন থেকে ৬৪ জেলার আহ্বায়কদের নাম ঘোষণা করা হয়েছে। জমিয়াতুল মোদারেরীনের সভাপতি অলহাজ্ব মাওলানা এমএ মাদান দীর্ঘকাল এই সংগঠনের সভাপতি। এ সময় তিনি ৪০ হাজার মাদ্রাসার ২ লাখ শিক্ষকের জন্য সরকারি অনুদান ও অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে সুপ্রাথমিক ভূমিকা পালন করেন এবং অধিকাংশ মাদ্রাসা শুল্ক ভিত্তি ওপর দাঁড়াতে সমর্থ হয়। কিছুদিন ধরে মাওলানা মাদান অসুস্থ থাকার কারণে জমিয়াতুল মোদারেরীনের সহ-সভাপতি

এক মাওলানা আনানের জ্যেষ্ঠপুত্র এএমএম বাহাউদ্দীন এই সংগঠনের সভাপতির দায়িত্ব পালন করছেন। আগামী সোমবার মূল সংগঠন জমিয়াতুল মোদারেরীনের সম্মেলন আহ্বান করা হয়েছে ওলমারী মিলনায়তনে। এএমএম বাহাউদ্দীন এ সম্মেলন সংগঠিত করছেন। গত মাসের শেষের দিকে গ্র্যান্ড আল্ফার হোটলে মাদ্রাসা শিক্ষা ও ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবিতে মোদারেরীনের এক গোলটেবিল বৈঠকের আয়োজন করে। এই বৈঠকে ইসলামী একাজেট ফরসুল হক আমিনী এমপির অংশের নেতা মাওলানা মুহিউদ্দীন খানসহ অয়েম উলমারা জামায়াতে ইসলামী ও জোট সরকারের সমালোচনা করে বক্তব্য রাখেন। এই বৈঠক থেকেই জামায়াতে ইসলামীপন্থী মাদ্রাসা শিক্ষকদের সঙ্গে মোদারেরীনের প্রকৃত নেতাকর্মীদের মতবৈতন্য সৃষ্টি হয়। যোগানে সংগঠিত হয়ে জামায়াত নেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাইদী এমপি পশ্চিম ময়দানে মাদ্রাসা শিক্ষকদের সম্মেলন আহ্বান জানান। বিভিন্ন জেলা থেকে অল্পকিছু হাজার মাদ্রাসা শিক্ষক এই সম্মেলনে যোগ দেন। জমিয়াতুল মোদারেরীনের মূল অংশের নেতৃত্ব অতিযোগ করেছেন, যারা পশ্চিমের সম্মেলন আহ্বান করেছেন তারা মূলত মোদারেরীনের জামায়াতের একটি অঙ্গ সংগঠনে রূপান্তরিত করতে চান। এটি আনন্দে জামায়াতে ইসলামীর সংগঠন ইচ্ছুক। এটি শেখাজাহী মাদ্রাসা শিক্ষকদের সংগঠন হবে না। সম্মেলনে যোগ দেন বামত্বরণ পরতের পীর আলহাজ্ব মাওলানা কুতুব উদ্দিন। নরসিংদী জামেয়া কাসেমিয়া মাদ্রাসার অধ্যক্ষ সাইফেদ কামালুদ্দীন সায়ফীর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির চেয়ারম্যান শামসুল আলম প্রাথমিক এমপি, জামায়াতে ইসলামী সংসদীয় দলের উপনেতা মাওলানা আবদুল মোবহিন এমপি, মাওলানা ফরিদ উদ্দিন চৌধুরী এমপি, মাওলানা আবদুল খালেক মওল এমপি, মাওলানা আজিজুর রহমান চৌধুরী এমপি, আবু সাইদ মোঃ শাহাদাত হোসেন এমপি, মাওলানা আবদুল আজিজ এমপি, মাওলানা আবদুল দাউদ, অলহাজ্ব মাওলানা আব্দুল কালাম আজাদ, সম্মেলন প্ররুতি কমিটির সদস্য সচিব অধ্যক্ষ মাওলানা আবদুল আবেদীন, মাওলানা মুজিবুর রহমান প্রমুখ।

০৩ জুলাই ২০০৫ তারিখের সংস্করণ